

## ক্লাস ৫ : একটি ব্যস্ত রাস্তা (রচনা)

সারাদিন নানান গাড়ি ঘোড়ার চলাচলের পথ আমি। নানা মানুষেরও পায়ে চলার রাস্তা আমি। তীব্র গতিতে ঝড়ের বেগে ছুটে যাওয়া মোটরসাইকেলও কিছুতেই আমাকে শান্ত, নিমগ্ন থাকতে দেয় না। প্রতিনিয়ত হৈ হৈ করে বয়ে চলা।

সকাল থেকে রাত, যানবাহন এগিয়ে চলে ঘৰ্ষনে আমার গায়ের ওপরের অংশে ক্ষয় হয়, ধূলো ওড়ে, বালি-কাঁকর ছিটকে যায়। সময়ের পিছনে ছুটছে সবাই আমারই ওপর দিয়ে।

প্রতিদিনই আমি নানান ঘটনার সাক্ষী হই। ট্রাফিক নিয়ন্ত্রণ কর্তার মনযোগের অভাবে কিস্বা চালক বা পথচারীর দোষে ঘটে ছোট-বড় কতো দুর্ঘটনা। রক্ত ঝড়ে আমার ওপর, শুষে নিই আমি, আমার অন্তঃস্থলে। দুদিন পর আবার যে কে সেই। হৈ হৈ করে একের পর এক ছুটে চলে যানবাহন। সকলেরই ভীষণ তাড়া গত্তয়ে পৌছানোর। আমি পড়ে থাকি পথ হয়ে তাদের পিছনে।

সরকারি-বেসরকারি ঠিকাদাররা বায়না নেয় আমার শরীরের ক্ষয়ক্ষতি সারিয়ে দেবার। সেখানেও ফাঁকিবাজি। ভাবি এই বুবি সেরে উঠলাম। বেশ ভালো লাগছে আমায় দেখতে। ওমা, দুদিন পর আবার যে কে সেই। ছোট বড় গর্ত আগের মতোই বেরিয়ে পড়েছে। খানা খন্দে হেঁচু খাচ্ছে পথচারী। পুনরায় সারানো হয়, আবার ভাঙ্গে। এভাবেই চলতে থাকে এক সদা ব্যস্ত রাস্তা।

©2014 Arked Infotech